যুগান্তর

APR 07 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রলীগের নতুন কমিটিতে চিহ্নিত সন্ত্রাসী

যুগান্তর রিপোর্ট

ছাত্রদলের পিন্টু-লাল্টু কমিটির মতো ছাত্রলীগের নবগঠিত কমিটিতে কয়েকজন চিহ্নিত সন্ত্রাসীকে অন্তর্ভুক্ত করা হয়েছে। কয়েকবছর ধরে পুলিশের কাছে মোস্ট

সন্ত্রাসী : পৃষ্ঠা : ১৫ কলাম : ৭

## সন্ত্রাসী : ছাত্রলীগ

(১ম পৃষ্ঠার পর)

ওয়ান্টেড এবং হত্যাসহ বহু মামলার আসামি চট্টগ্রামের চার টপ টেরর কমিটিতে স্থান পেয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস-দখলবাজির কারণে দল ও বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কৃতরাও কমিটিতে ঠাঁই পেয়েছে। ছাত্রলীগের গঠনতন্ত্র লঙ্ঘন করে অছাত্র, বিবাহিত ও ২৭ বছরের বেশি বয়সীদের কমিটিতে রাখা হয়েছে। কমিটি ঘোষণার পর এ নিয়ে ছাত্রলীগ নেতাকর্মীদের মাঝেই নানারকম গুঞ্জন ছড়িয়ে পড়ে। চট্টগ্রামের বিবদমান তিনটি সন্ত্রাসী গ্রুপের তিন ক্যাডারকে কমিটিতে রাখা হয়েছে। আ জ ম নাসির গ্রুপের প্রধান সীমান্ত তালুকদারকে কেন্দ্রীয় ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক করা হয়েছে। সন্ত্রাসী মামুন গ্রুপের প্রধান মহিম উদ্দিনকে সহ-পাঠাগার সম্পাদক এবং সন্ত্রাসী মশিউর গ্রুপের প্রধান ক্যাডার দেবাশীষ পাল দেবুকে সদস্য করা হয়েছে। চট্টগ্রাম দক্ষিণ জেলার নেতা আ জ ম নাসির গ্রুপের আবদুল কাদের সুজনকেও কেন্দ্রীয় কমিটির সদস্য করা হয়েছে। টাঙ্গাইলের শীর্ সন্ত্রাসী সোহেল হাজারীকে করা হয়েছে সাংগঠনিক সম্পাদক। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হল দখল-পাল্টাদখলের লড়াইয়ে সংগঠন ও বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কৃত মাইনুদ্দীন বাবুকে সদস্য করা হয়েছে মাদারীপুরে খালেদা জিয়ার গাড়িবহরে হামলার জন্য অভিযুক্ত খালিদ হাসান ইয়াদবে সহ-সম্পাদকের দায়িত্ব দেয়া হয়েছে। ইয়া বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার একান্ সচিব কারারুদ্ধ বাহাউদ্দিন নাসিমের ছো ভাই। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের বাগেরহাট গ্রুপের প্রধান আবদুল ওয়াদুদ খোকন সহ-সভাপতি হয়েছেন। ছাত্রলীগ ও ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কৃত বাগেরহাট গ্রুপের ক্যাডার হেমায়েতকে সহ-ধর্ম সম্পাদক করা হয়েছে। বহু মামলার আসামি স্বপন কর্মকারকে সদস্য করা হয়েছে।